নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২৩-৪৬১

তারিখ: ২০ আষাঢ় ১৪৩০ / ০৪ জুলাই ২০২৩

**বিষয় : জাতীয় সংসদের শূন্য ঘোষিত আসনে নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাহী আদেশ প্রদান**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ৩০ জুলাই ২০২৩ তারিখে জাতীয় সংসদের ২৮৭ চট্টগ্রাম-১০ শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠিত হবে (সময়সূচির প্রজ্ঞাপন সংযুক্ত)। উল্লিখিত শূন্য আসনের নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের স্ব-স্ব এলাকায় আইনশৃঙ্খলা রক্ষার্থে আইন প্রয়োগকারী সংস্থাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে বলে নির্বাচন কমিশন আশা করে। এ প্রসংগে উল্লেখ করা প্রয়োজন যে, একাদশ জাতীয় সংসদ নির্বাচনে সরকারি সাহায্য সহযোগিতার পাশাপাশি স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নিকট হতেও আইনশৃঙ্খলা রক্ষার্থে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্বাচন সংশ্লিষ্ট কতিপয় গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনের জন্য একটি নির্বাহী আদেশ জারি করা হয়েছিল। তাছাড়া, নির্বাচনি আইন ও বিধিমালা পরিপালনেও উল্লিখিত স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ সহায়তা প্রদান করবে। উক্ত আদেশের আলোকে একটি নির্বাহী আদেশের খসড়া তৈরি করে এতদসংগে প্রেরণ করা হলো।

০২। বর্ণিতাবস্থায়, সংবিধানের ১২৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৫ অনুচ্ছেদের আলোকে সংশ্লিষ্ট এলাকার স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে বিশেষ দায়িত্ব প্রদান করে নির্বাহী আদেশ জারি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

০৪/৭/২০২৩

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫ (অফিস)
Email: sasemc1@gmail.com

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(দৃষ্টি আকর্ষণ- উপসচিব, প্রশাসন-১)

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২৩-৪৬১

তারিখ: ২০ আষাঢ় ১৪৩০ / ০৪ জুলাই ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব/ সচিব ............................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/ র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ

D:\After 15 Feb 2022\National By Election\11 National By Election\287 Chattagram-10\Cebinet Letter.doc

৯. উপমহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ
১০. পুলিশ কমিশনার, চট্টগ্রামমেট্রোপলিটন পুলিশ
১১. প্রকল্প পরিচালক, আইডিইএ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. প্রকল্প পরিচালক, ইভিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক, চট্টগ্রাম
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
১৮. পুলিশ সুপার, চট্টগ্রাম
১৯. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম
২২. উপজেলা নির্বাহী অফিসার,................................... (সংশ্লিষ্ট)
২৩. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চট্টগ্রাম
২৪. জেলা তথ্য অফিসার, চট্টগ্রাম
২৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................, এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. থানা নির্বাচন অফিসার/ উপজেলা নির্বাচন অফিসার,..........................(সংশ্লিষ্ট)
২৯. অফিসার-ইন-চার্জ, ..............................(সংশ্লিষ্ট) থানা।

04/9/2026


( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন:০২-৫৫০০৭৬১০
E-mail: sas_emc1@gmail.com


D:\After 15 Feb 2022\National By Election\11 National By Election\287 Chattagram 10\Cebinet Letter.doc

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩১.০১১.২৩-৪১৭

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০ / ১২ জুন ২০২৩

**প্রজ্ঞাপন**

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩১.০১১.২৩-৪১৭।- গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১(১) অনুচ্ছেদের ক্ষমতাবলে ০২ জুন ২০২৩ তারিখে শূন্য ঘোষিত ২৮৭ চট্টগ্রাম-১০ আসন হইতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচনের জন্য সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার ভোটারগণকে নির্বাচন কমিশন আহবান জানাইতেছে এবং নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছে:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ২০ আষাঢ় ১৪৩০<br>০৪ জুলাই ২০২৩ | মঙ্গলবার |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২২ আষাঢ় ১৪৩০<br>০৬ জুলাই ২০২৩ | বৃহস্পতিবার |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৮ আষাঢ় ১৪৩০<br>১২ জুলাই ২০২৩ | বুধবার |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | **১৫ শ্রাবণ ১৪৩০**<br>**৩০ জুলাই ২০২৩** | **রবিবার** |
| ভোটগ্রহণের সময়: ইভিএম এর মাধ্যমে সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত | | | | |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

১২/০৬/২০২৩

**( মোঃ জাহাংগীর আলম)**
সচিব

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা।

অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ২৫ (পঁচিশ) কপি সরকারি কাজে ব্যবহারের জন্য সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

নং-১৭.০০.০০০০.০৩৪.৩১.০১১.২৩-৪১৭

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০ / ১২ জুন ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব/ সচিব ............................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

৬. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ
৯. প্রকল্প পরিচালক, আইডিইএ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. উপমহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ
১১. পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. প্রকল্প পরিচালক, ইভিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
১৭. জেলা প্রশাসক, চট্টগ্রাম
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
১৯. পুলিশ সুপার, চট্টগ্রাম
২০. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
২১. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম ও সহকারী রিটার্নিং অফিসার
২৩. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চট্টগ্রাম
২৪. উপজেলা নির্বাহী অফিসার,..................................(সংশ্লিষ্ট)
২৫. জেলা তথ্য অফিসার, চট্টগ্রাম
২৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. থানা নির্বাচন অফিসার, পাহাড়তলী/পাঁচলাইশ, চট্টগ্রাম ও সহকারী রিটার্নিং অফিসার
৩০. অফিসার-ইন-চার্জ, .................................(সংশ্লিষ্ট) থানা।

১২/৬/২০২৩

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sas_eme1@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ।

নং- ........................................................ তারিখঃ -----------------

## নির্বাহী আদেশ

আগামী ৩০ জুলাই ২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য জাতীয় সংসদের ২৮৭ চট্টগ্রাম-১০ শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠিত হইবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সরকার জাতির কাছে সাংবিধানিকভাবে দায়বদ্ধ। অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও ভয়ভীতিহীন পরিবেশে উক্ত নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন ইতোমধ্যে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিয়াছেন। নির্বাচন কমিশনের এই দায়িত্ব সুচারুরূপে সম্পাদনের জন্য সরকারি অফিস ও সংস্থাসমূহ সকল প্রকার সহযোগিতা করিতে আইনত বাধ্য। এই নির্বাচন অনুষ্ঠানে সরকারি সাহায্য সহযোগিতার পাশাপাশি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নিকট হইতেও প্রয়োজনীয় সাহায্য সহযোগিতা অত্যাবশ্যক।

২। নির্বাচনের সময় নির্বাচনি এলাকার সর্বত্র শান্তিশৃঙ্খলা রক্ষা করা সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের পূর্বশর্ত। শান্তিশৃঙ্খলা রক্ষা করিবার দায়িত্ব মূলত সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থা/কর্তৃপক্ষের উপর অর্পিত থাকিলেও এই ব্যাপারে স্থানীয় জনসাধারণ এবং নেতৃবৃন্দের সাহায্য ও সহযোগিতা একান্ত প্রয়োজন। শান্তিশৃঙ্খলা রক্ষার এই তাৎপর্যপূর্ণ ভূমিকা পালনের ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে জেলা পরিষদ/উপজেলা পরিষদ/সিটি কর্পোরেশন পরিষদসমূহের দায়িত্ব বিশেষ গুরুত্বপূর্ণ।

৩। বর্ণিতাবস্থার প্রেক্ষাপটে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ উল্লিখিত শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নোক্ত দায়িত্ব পালন করিবে:

(১) স্ব স্ব এলাকায় আইনশৃংখলা রক্ষার্থে আইনপ্রয়োগকারী সংস্থাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

(২) নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে নির্বাচন কমিশন সময়ে সময়ে যে সব আদেশ/নির্দেশ জারি করিয়াছেন কিংবা করিবেন উহা প্রতিপালন;

(৩) নির্বাচনি মিছিল, সভা ও প্রচারণা যাহাতে অবাধ, শান্তিপূর্ণ ও বিধি অনুযায়ী হয় সেই দিকে লক্ষ্য রাখা;

(৪) কোন নির্বাচনি অফিস বা প্রতীক বা পোস্টার নষ্ট করিবার যে কোন প্রচেষ্টা রোধে সামাজিক প্রতিরোধ গঠনে সহায়তা করা;

(৫) সিটি কর্পোরেশন, উপজেলা পরিষদ কিংবা জেলা পরিষদে এমন কোন উন্নয়ন স্কীম গ্রহণ ও বাস্তবায়ন করিবে না যাহা জাতীয় সংসদের উল্লিখিত শূন্য আসনের নির্বাচনে কোন প্রার্থীর ভোট প্রাপ্তিতে বা প্রচারণার পক্ষে ব্যবহৃত হইতে পারে;

(৬) জেলা পরিষদ কিংবা উপজেলা পরিষদ বা সিটি কর্পোরেশনে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অনুদান বা অনুদানের প্রতিশ্রুতি দিতে পারিবে না যাহা কোন প্রার্থীর ভোট প্রাপ্তি বা প্রচারণার কাজে প্রভাব বিস্তার করিবে;

(৭) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কোন অফিস, যানবাহন এবং অন্যান্য সম্পত্তি কোন প্রার্থীর নির্বাচন বা প্রচারণার কাজে কোনভাবেই ব্যবহার করা যাইবে না। মাশুল পরিশোধ করিয়াও ব্যক্তিগত কাজে কোন যানবাহন ব্যবহার করার অনুমতি দেওয়া যাইবে না;

(৮) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ কোন প্রার্থীর নির্বাচনি কাজে বা প্রচারণায় অংশগ্রহণ করিতে পারিবে না;

(৯) ভোটকেন্দ্র নির্মাণসহ নির্বাচনি সংশ্লিষ্ট অন্যান্য সকল কাজে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহায়তা প্রয়োজন হইলে স্থানীয় সরকার প্রতিষ্ঠান উহা প্রদান করিবে;

(১০) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচিত প্রতিনিধিগণ তাহাদের পদমর্যাদা, সরকারি সুযোগ সুবিধা ইত্যাদি কোন প্রার্থীর নির্বাচনি কাজে ব্যবহার করিতে পারিবেন না।

৪। উল্লিখিত স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এই আদেশে বর্ণিত দায়িত্ব পালনে ব্যর্থ হইলে বা শৈথিল্য প্রদর্শন করিলে কিংবা অবহেলা করিলে উক্ত স্থানীয় সরকার প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশ্লিষ্ট আইন/বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৫। জাতীয় সংসদের ২৮৭ চট্টগ্রাম-১০ শূন্য আসনের নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও সম্পূর্ণ নিরপেক্ষভাবে অনুষ্ঠানের নিমিত্তে ইতোপূর্বে ১৫ সেপ্টেম্বর ২০১৭ তারিখের জারিকৃত স্থানীয় সরকার বিভাগ হইতে তারিখে ৪৬.০৩৯.০১৮.০০.০০.০১৪.২০১৫-২৭৯ স্মারকের পূনরাবৃত্তিক্রমে এই পরিপত্র জারি করা হইল।

৬। এই আদেশ জারির তারিখ হইতে নির্বাচনের পরবর্তী ১৫ দিন পর্যন্ত বলবৎ থাকিবে।

(..................................)
সিনিয়র সচিব

প্রাপক,

১। মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম
২। চেয়ারম্যান, জেলা পরিষদ, চট্টগ্রাম
৩। চেয়ারম্যান, ................................ (সংশ্লিষ্ট) উপজেলা পরিষদ

নং- ..................................................  তারিখঃ .........................

অনুলিপি সদয় অবগত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
৫। উপ মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ
৬। জেলা প্রশাসক, চট্টগ্রাম
৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
৮। পুলিশ সুপার, চট্টগ্রাম
৯। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম
১০। উপজেলা নির্বাহী অফিসার, ............................(সংশ্লিষ্ট)
১১। থানা নির্বাচন কর্মকর্তা, ..................................(সংশ্লিষ্ট)
১২। সচিব, জেলা পরিষদ, .....................................(সংশ্লিষ্ট)

(.............................)
সিনিয়র সহকারী সচিব

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান

( 1972 সনের নং আইন )

## সপ্তম ভাগ

নির্বাচন

নির্বাচন কমিশনকে নির্বাহী কর্তৃপক্ষের সহায়তাদান

১২৬। নির্বাচন কমিশনের দায়িত্বপালনে সহায়তা করা সকল নির্বাহী কর্তৃপক্ষের কর্তব্য হইবে।

Copyright © 2019, Legislative and Parliamentary Affairs Division

Ministry of Law, Justice and Parliamentary Affairs